দৈনিক ইনকিলাব

9 DEC 1991

তারিখ 8 DEC 1991

পৃষ্ঠা ১ কলাম ২

180

# ছাত্র দলের দু'জনকে লক্ষ্য করে গুলী ।। হলে তল্লাশী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

জাতীয়তাবাদী ছাত্র দলের দু'জন নেতা-কর্মীকে লক্ষ্য করে কয়েকজন সশস্ত্র তরুণের গুলীবর্ষণের মধ্য দিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। গুলীবর্ষণকারী তরুণরা মুজিববাদী ছাত্র লীগের কর্মী বলে জানা গেছে।

বিকেল পৌনে ৫টায় কলা ভবনের পাশে এ ঘটনা ঘটার ঘন্টাখানেক পরেই জহুরুল হক হল এবং বসুনিয়া তোরণ এলাকায়ও বেশ কয়েক রাউণ্ড গুলী বর্ষিত হয়। এরপর পরই পুলিশ জহুরুল হক হলে তল্লাশী চালায়। তবে কোন অস্ত্র উদ্ধার বা কোন সন্ত্রাসীকে গ্রেফতার করতে ব্যর্থ হয়।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, কলাভবনের পশ্চিম পাশ দিয়ে ছাত্র দলের দু'জন নেতা-কর্মী যাবার সময় ৪/৫ জন সশস্ত্র তরুণ তাদের তাড়া করে এবং তাদের দিকে ৩ রাউণ্ড গুলীবর্ষণ করে। ছাত্র দলের

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## হলে তল্লাশী

প্রথম পৃষ্ঠার পর

নেতা-কর্মীদ্বয় দৌড়ে গিয়ে একটি ভ্যান গাড়ীর আড়ালে লুকিয়ে আত্ম রক্ষা করেন। সশস্ত্র তরুণরা সাথে সাথেই ঘটনাস্থল ত্যাগ করে। এ সময় আশেপাশেই পুলিশ মোতায়েন ছিল।

ঘটনার পর পরই কয়েকটা হলে তীব্র উত্তেজনা লক্ষ্য করা যায় এবং সশস্ত্র তরুণদের প্রস্তুতি নিতে দেখা যায়। সন্ধ্যা পৌনে ৬টার দিকে জহুরুল হক হল ও বসুনিয়া তোরণ এলাকায় আবার গুলীবর্ষণ শুরু হয় এবং পর পর ১০/১৫ রাউণ্ড গুলী বর্ষিত হয়। সাথে সাথেই পুলিশের কয়েকটি ট্রাক ঘটনাস্থলে পৌঁছে এবং পুলিশ টিয়ার গ্যাসের কয়েকটি শেল ছোঁড়ে। এতে গুলীবর্ষণ বন্ধ হয়ে যায়। এর পর পরই পুলিশ জহুরুল হক হলে গিয়ে তল্লাশী চালায়। তবে তারা কোন সন্ত্রাসীকে গ্রেফতার করতে বা কোন অস্ত্র উদ্ধার করতে পারেনি বলে পুলিশের একটি সূত্রে জানা গেছে।

এদিকে ক্যাম্পাসে এখনও উত্তেজনা অব্যাহত রয়েছে। হলে হলে সন্ত্রাসীরা দিব্যি ঘুরে বেড়াচ্ছে বলে আবাসিক ছাত্ররা জানিয়েছেন। তবে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে পুলিশ মোতায়েন রয়েছে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়

এদিকে মুজিববাদী ছাত্র লীগ গতকালের এই সন্ত্রাসী ঘটনার জন্য ছাত্র দলকে দায়ী করে এর প্রতিবাদে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ ও বিক্ষোভ মিছিল করে। সংগঠনের সভাপতি আহমদ হোসেন ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এ ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে।